

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shed.gov.bd



নং-৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০১.২০১৯.১৫১

তারিখ : ১৪ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ
২৮ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয় : ৩১.০৫.২০২১ তারিখের নং-৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০১.২০১৯.১৬২ সংখ্যক স্মারকের আদেশ বাস্তবায়ন সংক্রান্ত।

সূত্র: প্রধান শিক্ষক, নয়াচর বাজার বালিকা উচ্চ বিদ্যালয়, চর-রাজিবপুর, কুড়িগ্রাম এর আবেদন পত্র, তারিখ: ১৪.০৫.২০২২খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ৩১.০৫.২০২১ তারিখের নং-৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০১.২০১৯.১৬২ সংখ্যক স্মারকের আদেশে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হয় :


(ক) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০২১, তারিখ ২৮ মার্চ ২০২১ অনুসারে 'সহকারী শিক্ষক (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান)' [পূর্বের পদ 'সহকারী গ্রন্থাগারিক/ক্যাটালগার'] এবং 'গ্রন্থাগার প্রভাষক' [পূর্বের পদ 'গ্রন্থাগারিক'] এর পদ ০২টি-তে নিয়োগের ক্ষেত্রে অন্যান্য প্রবেশ পর্যায়ে (এবিএ লেভেল) শিক্ষকের ন্যায় বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA) এর মাধ্যমে নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও উত্তীর্ণদের সনদ প্রদানসহ যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে শিক্ষা প্রতিষ্ঠানের চাহিদার অনুকূলে নিয়োগ সুপারিশ করতে হবে।

(খ) ১৭ তম শিক্ষক নিবন্ধন পরীক্ষার অংশ হিসেবে এ দুটি পদে এনটিআরসিএ সিলেবাস প্রণয়নসহ শিক্ষক নিবন্ধন পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশ করবে। তবে, এ আদেশ জারির আগে বিধি মোতাবেক যাদের নিয়োগ পরীক্ষা সম্পন্নসহ ফলাফল প্রকাশ করে প্রার্থী 'চূড়ান্ত' করা হয়েছে তারা যথাযথ প্রক্রিয়ায় পূর্বের নিয়মে এমপিওভুক্ত হতে পারবেন।

(গ) এ আদেশ জারির পর কোনো শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভর্নিংবডি/এডহক কমিটি কর্তৃক উল্লিখিত ০২টি পদে আর নিয়োগ প্রদান করা যাবে না। এ আদেশ জারির পর বর্ণিত ০২টি পদে ম্যানেজিং কমিটি/গভর্নিংবডি/এডহক কমিটি কর্তৃক নিয়োগ প্রদান করা হলে তা অবৈধ নিয়োগ বলে বিবেচিত হবে এবং তারা কোনোভাবেই এমপিওভুক্তির আওতায় আসবে না।

২.০ এমতাবস্থায়, উল্লিখিত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।


(সোনা মনি চাকমা)
উপসচিব

ফোন : ৯৫৪০৫১৭

ই-মেইল: ds.mpo@moedu.gov.bd


নং-৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০১.২০১৯.১৫১

তারিখ : ১৪ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ
২৮ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. কমিশনার,-----বিভাগ (সকল)।
৪. চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), ইন্সটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
৫. জেলা প্রশাসক, ----- (সকল)।
৬. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,----- (সকল)।
৭. মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৮. উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৯. সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,-----অঞ্চল (সকল)।
১১. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,-----অঞ্চল (সকল)।
১৩. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, -----বিভাগ (সকল)।
১৪. উপজেলা নির্বাহী অফিসার, ----- (সকল)।
১৫. জেলা শিক্ষা অফিসার, ----- (সকল)।
১৬. জেলা হিসাবরক্ষণ অফিসার,----- (সকল)।
১৭. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, ----- (সকল)।
১৮. উপজেলা হিসাবরক্ষণ অফিসার, ----- (সকল)।
১৯. অফিস কপি।


সোনি মনি চাকমা
উপসচিব